

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সাতার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাতার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.০৩৭.২৪ নথির বিষয়: Construction of MS louver, brick work, plaster, painting with ancillary works of IRP-1 compound, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Construction of MS louver, brick work, plaster, painting with ancillary works of IRP-1 compound, Dhaka WASA প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২০/৮/২৪ ১১:১৯ পূর্বাহ্ন

সাতার-কেরানীগঞ্জ ওয়েল ফিল্ড প্ল্যান্ট ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। উক্ত স্থাপনার আওতায় আইআর পি-১ এবং আইআর পি-২ এর ৪৬ টি গভীর নলকূপের মধ্যে ৪৫ টি গভীর নলকূপ হতে দৈনিক প্রায় ১৫ কোটি লিটার পানি বৃহত্তর মিরপুর এলাকায় সরবরাহ করা হয়। আইআর পি-১ এর প্ল্যান্ট কম্পাউন্ডে প্রবেশের ডান পার্শ্বের সীমানা প্রাচীরটি বেশ নীচু। ফলে নিরাপত্তার জন্য সীমানা প্রাচীরটি কিছু অংশ উচু করা প্রয়োজন এবং কিছু অংশে এম.এস লুভার স্থাপন করা প্রয়োজন। যেহেতু সীমানা প্রাচীরটি কম্পাউন্ডে প্রবেশমুখে ফলে সীমানা প্রাচীরটি দৃষ্টি নন্দন করার জন্য এক পার্শ্বে টাইলস স্থাপন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২০/৮/২৪ ১১:২০ পূর্বাহ্ন

আইআর পি-১ এর প্ল্যান্ট কম্পাউন্ড এর সীমানা প্রাচীর উচু করা, এম.এস লুভার স্থাপন, টাইলস স্থাপনসহ বিভিন্ন কাজের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৯,৯৬,৮৮৩.৪৭৬/- (নয় লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত তিরিশি দশমিক চার সাত ছয়) টাকা। প্রাক্কলনটি PWD rate schedule-২০২২ এবং বর্তমান বাজার দর অনুসরণ করে প্রস্তুত করা হয়েছে। কাজটি অত্র বিভাগের ২০২৪-২৫ইং অর্থ-বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৪৩(W59) এ অন্তর্ভুক্ত আছে।

সংযুক্তিসমূহ (৩):

১। অনুমোদিত ক্রয়-পরিকল্পনা।

২। প্রাক্কলনের হিসাব।

৩। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২০/৮/২৪ ১১:২১ পূর্বাহ্ন




এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ ও ১.১ এর বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে Construction of MS louver, brick work, plaster, painting with ancillary works of IRP-1 compound, Dhaka WASA শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় e-Government Procurement (e-GP) এর মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) দরপত্র আহবানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত ৯,৯৬,৮৮৩.৪৭৬/- (নয় লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত তিরিশি দশমিক চার সাত ছয়) প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট এর ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, প্রাক্কলনটির অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

		
২০/৮/২৪ ৬:৩৫ অপরাহ্ন মোঃ সুমন আহমেদ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	২০/৮/২৪ ৭:০৪ অপরাহ্ন মোঃ জাফর ইকবাল চৌধুরী সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	২০/৮/২৪ ৭:০৪ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট


অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২২/৮/২৪ ৪:১৩ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হল।
যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

	
২২/৮/২৪ ৪:১৩ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	২২/৮/২৪ ৪:১৩ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৩/৮/২৪ ৮:০৫ পূর্বাহ্ন

Approved.

	
২৩/৮/২৪ ৮:০৬ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৩/৮/২৪ ৮:০৬ পূর্বাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৭/৯/২৪ ৩:৩৩ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।

	
৭/৯/২৪ ৩:৩৪ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	৭/৯/২৪ ৩:৩৪ অপরাহ্ন মোঃ সুমন আহমেদ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট